# মহাশব্দ

কাজী জহিরুল ইসলাম

ছুঁয়েছি চাঁদের বোটা, একফোটা কুয়াশার জল
তুমি কেনো কেঁপে ওঠো হে মহাপৃথিবী?
দুলছে অরণ্য দুলুক জ্বলুক মহাকাল গ্রীনিচ মান পাতালের ঘাস

সভ্যতার ভাঁজখোলা বই, তোমাকে পাঠ করে এক মূর্খ শয়তান
উরুমধ্যে গুরুমুখ, মগ্ন ধর্মপাঠ চলে বেশ্যালয়ে
এর চেয়ে পবিত্রোপাসনালয় আর কই বলো
বেশ্যার মুতের চেয়ে পবিত্র হলিজল আর নেই কোথাও একফোটা

এক মহাকম্পন উঠেছে সমুদ্রতরঙ্গে ইথারের জালে ডেজার্ট রোদে
কাগজে কাগজে ঢেউ, শব্দের আগুনে পুড়ছে ফ্ল্যাটস্ক্রিন এইচডি টিভিগুলি
এই অতিশব্দ এখনো শুনতে পায়নি লেজখসা বানরেরা
কেবল কুকুর যারা, কেঁপে কেঁপে উঠছে শব্দতরঙ্গে
অশুভ গোঙানি দিয়ে ভাঙতে চাইছে সভ্যতার কালঘুম।

আবিদজান, আইভরিকোস্ট
৩০ আগস্ট, ২০০৫